

## সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪০৮০

২৭/ পোশাক-পরিচ্ছদ (کتاب اللباس)

পরিচ্ছেদঃ ৩৮. মৃত জানোয়ারের কাঁচা চামড়া সম্পর্কে।

باب فِي أُهُبِ الْمَيْتَةِ

## আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ صَالِحٍ، حَدَّثَنَا ابْنُ وَهْبٍ، أَخْبَرَنِي عَمْرُو، \_ يَعْنِي ابْنَ الْحَارِثِ \_ عَنْ كَثِيرِ بْنِ فَرْقَد، عَنْ عَبْدِ اللّهِ بْنِ مَالِكِ بْنِ حُذَافَة، حَدَّثَهُ عَنْ أُمِّهِ الْعَالِيةِ بِنْتِ سُبَيْعٍ، أَنَّهَا قَالَتْ كَانَ لِي غَنَمٌ بِأُحدٍ فَوَقَعَ فِيهَا الْمَوْتُ فَدَخَلْتُ عَلَى مَيْمُونَةَ زَوْجِ النَّبِيِّ صلى الله عليه وسلم فَذَكَرْتُ ذَلِكَ لَهَا فَقَالَتْ لِي مَيْمُونَةُ لَوْ أَخَذْتِ جُلُودَهَا فَانْتَفَعْتِ بِهَا . فَقَالَتْ عَلَى وَسلم فَذَكَرْتُ ذَلِكَ لَهَا فَقَالَتْ لِي مَيْمُونَةُ لَوْ أَخَذْتِ جُلُودَهَا فَانْتَفَعْتِ بِهَا . فَقَالَتْ أَوَيَحِلُّ ذَلِكَ قَالَتْ نَعَمْ . مَرَّ عَلَى رَسُولِ اللّهِ صلى الله عليه وسلم رِجَالٌ مِنْ قُرَيْشٍ يَجُرُّونَ شَاةً لَهُمْ مِثْلَ الْحِمَارِ فَقَالَ لَهُمْ رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم " لَوْ أَخَذْتُمْ إِهَابَهَا " . قَالُوا إِنَّهَا مَيْتَةٌ . فَقَالَ رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم " يُطَهِّرُهَا الْمَاءُ وَالْقَرَظُ " .

## বাংলা

৪০৮০. আহমদ ইবন সালিহ্ (রহঃ) .... আলীয়া বিনত সুবা' (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ উহুদ পাহাড়ের উপর আমার একটি বকরীর পাল ছিল, তারা মড়কে মারা যাচ্ছিল। তখন আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর স্ত্রী মায়মূনা (রাঃ) এর নিকট উপস্থিত হয়ে এ ব্যাপারে আলোচনা করি। তখন মায়মূনা (রাঃ) আমাকে বলেনঃ যদি তুমি এদের চামড়া খুলে নিতে, তবে উপকৃত হতে। আমি জিজ্ঞাসা করিঃ মৃত জন্তুর চামড়া দিয়ে উপকার নেওয়া কি উচিত? তিনি বলেনঃ হ্যাঁ। একদা কুরায়শদের কিছু লোক একটি মৃত বকরীকে গাধার মত টেনে নিয়ে যাচ্ছিল। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ তোমরা যদি এর চামড়া খুলে নিতে, তবে ভাল হতো। তারা বলেনঃ এটি তো মৃত। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ পানি এবং কারায (সলম পতা) দিয়ে চামড়া পরিস্কার করলে তা পাক হয়ে যায়।

## **English**



Al-Aliyah, daughter of Subay', said:

I had some sheep at Uhud, and they began to die. I then entered upon Maymunah, wife of the Prophet (﴿), and mentioned it to her. Maymunah said to me: If you took their skins and made use of them, (that would be better for you). She asked: Is that lawful? She replied, Yes. Some people of the Quraysh passed by the Messenger of Allah (﴿) dragging a sheep of theirs as big as an ass. The Messenger of Allah (﴿) said to them: Would that you took its skin. They said: It died a natural death. The Messenger of Allah (﴿) said: Water and leaves of the mimosa flava purify it.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আলিয়া বিনতে সুবায়ঈ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন